



## ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

## বিজয় ৭১ মিলনায়তন

স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউরস (এসওপি)  
(ব্যবহার নির্দেশিকা)

প্রবাসবন্ধু কল সেন্টার (টোল ফ্রি ০৮০০০১০২০৩০), দেশে ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, বিদেশ থেকে  
০৯৬১০১০২০৩০)

বিজয় ৭১ মিলনায়তন

২য় তলা, প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা – ১০০০।

## ১.০ ভূমিকা:

### ১.১ পটভূমি

বিজয় ৭১ মিলনায়তনটি নিউ ইস্কাটন রোডে অবস্থিত প্রবাসী কল্যাণ ভবনের ২য় তলায় ২০১৮ সালে প্রতিষ্ঠিত। এটি একটি হ ল রুম হিসেবে ডিজাইনকৃত। প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তাকর্মী এই ভবনের দায়িত্বে নিয়োজিত আছে। এই মিলনায়তনে দাপ্তরিক বিভিন্ন সভা, সেমিনার, কর্মশালা, কনফারেন্সসহ জাতীয় দিবস উপলক্ষ্যে সরকারি বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করার অত্যাধুনিক ব্যবস্থা রয়েছে। এই মিলনায়তনটি সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত। এখানে ২ ০০ জনের আসন বিন্যাসের ব্যবস্থা রয়েছে। সম্পূর্ণ ভবনে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ এবং অগ্নি নির্বাণনের ব্যবস্থা রয়েছে।

## ২.০ মিলনায়তন পরিচালনা:

### ২.১ পরিচালনায়:

- ❖ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রশাসন শাখা মিলনায়তন ব্যবস্থাপনার দায়িত্বে থাকবে।

### ২.২ মিলনায়তনের ব্যবহার:

- ❖ জাতীয় দিবস উপলক্ষ্যে সরকারি ও বেসরকারী বিভিন্ন সংস্থাসমূহ বিভিন্ন সভা, সেমিনার, কর্মশালা ও এসংক্রান্ত অনুষ্ঠান করার জন্য ব্যবহার করতে পারবে;
- ❖ বোর্ডের বিভিন্ন কার্যক্রমে ব্যবহার করা যাবে;
- ❖ প্রবাসী কর্মীদের কল্যাণার্থে বিশেষ অনুষ্ঠান আয়োজনে ব্যবহার করা যাবে;
- ❖ মন্ত্রণালয় ও এর সংযুক্ত দপ্তরসমূহ অগ্রাধিকার পাবে ;
- ❖ রাষ্ট্র ও সরকার বিরোধী কোনো কর্মকান্ডের জন্য মিলনায়তন ব্যবহার করা যাবে না ;
- ❖ কোনো রাজনৈতিক কর্মকান্ডের জন্য মিলনায়তন ব্যবহার করা যাবে না;

## ৩.০ মিলনায়তনটি বরাদ্দের ক্ষেত্রে আর্থিক নিয়মাবলী:

### ৩.১ বরাদ্দ:

- ❖ মন্ত্রণালয়ের সংযুক্ত দপ্তর/সংস্থাসমূহ বরাদ্দ হিসেবে ভাড়া বাবদ ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা পরিশোধ করতে হবে;
- ❖ প্রবাসী কল্যাণ ভবনে অবস্থিত সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানকে বরাদ্দ হিসেবে ভাড়া বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধ করতে হবে;
- ❖ দেশী-বিদেশী Non Governmental Organization বরাদ্দ হিসেবে ভাড়া বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ করবে।

### ৩.২ বরাদ্দ প্রাপ্তির জন্য নিয়মাবলী:

- ❖ বরাদ্দের জন্য মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বরাবর আবেদন করতে হবে ;
- ❖ সভা/সেমিনার/কর্মশালা আয়োজনের ০৭ (সাত) দিন পূর্বে আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে;
- ❖ আবেদনপূর্বক অনুষ্ঠান/সভা ইত্যাদি এসংক্রান্ত কর্মশালা আয়োজিত হবার ০৩ (তিন) দিন পূর্বে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে বরাদ্দ বাতিল করা যাবে ; এক্ষেত্রে পরিশোধিত অর্থের শুধুমাত্র ভ্যাট ফেরত দেয়া হবে;
- ❖ বরাদ্দের তারিখ পরিবর্তন করতে হলে আবেদনের ০৩ (তিন) দিনের মধ্যে লিখিতভাবে জানাতে হবে;
- ❖ ভাড়ার জন্য নির্ধারিত ফি'র ৫০ শতাংশ অগ্রীম পরিশোধ করতে হবে;
- ❖ নির্ধারিত ব্যয় ও বিভিন্ন চার্জ বাবদ মোট টাকার উপর বিধি মোতাবেক সরকার নির্ধারিত হারে ভ্যাট পরিশোধ করতে হবে ;
- ❖ মিলনায়তনে সংরক্ষিত মালামাল ব্যতীত অতিরিক্ত কোনো মালামালের প্রয়োজন হলে অতিরিক্ত চার্জ দিতে হবে।

## 8.0 মিলনায়তন ব্যবহারের শর্তাবলী:

- ❖ কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বরাদ্দ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবে;
- ❖ মিলনায়তনের মূল কার্যক্রম পরিচালনায় বিঘ্ন হয় এমন কোনো কর্মসূচি পরিচালনা করা যাবে না ;
- ❖ মিলনায়তনের বাইরে সাউন্ড সিস্টেম বা মাইক ব্যবহার করা যাবে না;
- ❖ সংশ্লিষ্ট সকলকে মিলনায়তন পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যাপারে যত্নশীল হতে হবে;
- ❖ মিলনায়তনে আগত গাড়ি ও মালামাল নিজ দায়িত্বে রাখবেন; হারিয়ে যাওয়া মালের ক্ষেত্রে মিলনায়তন কর্তৃপক্ষ দায়ী থাকবেন না;
- ❖ মিলনায়তন ব্যবহারকালে হলের কোনো সামগ্রীর কোনোরূপ ক্ষতিসাধন/বিনষ্ট করা যাবেনা; দুর্ঘটনাবশত এরূপ হয়ে গেলে তা বরাদ্দগ্রহীতা কর্তৃক পুনঃনির্মাণ (Repair) বা পরিশোধ করবে।
- ❖ এ নির্দেশিকায় অন্তর্ভুক্ত নেই এমন বিষয়ের ক্ষেত্রে মহাপরিচালক, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

বিজয় ৭১ ব্যবহার নির্দেশিকা